

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২।



ই-মেইল : dgmeded@gmail.com

স্মারক নং--স্বাশিঃঅধিঃ/প্রশাঃ/শোক বার্তা/২০২০/ ২৬


তারিখ : ১২-০১-২০২১ খ্রি:

## শোক বার্তা

স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা এর শিশু সার্জারী বিভাগের সহযোগী অধ্যাপক ডা. এ.এস.এম হাসানুজ্জামান শাহীন, (কোড নং-৪২০৪৪), ফুসফুসের ক্যান্সারে (পুরাল মেসোথেলিওমা) আক্রান্ত হয়ে অদ্য ১০/০১/২০২১ তারিখ বিকাল ৩-০০ টায় বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক মেয়ে ও ছাত্র-ছাত্রীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

ডা. এ.এস.এম হাসানুজ্জামান শাহীন ছিলেন স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের ১৬তম ব্যাচের ছাত্র এবং ১৭ তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের একজন চৌকস কর্মকর্তা। তিনি কর্মজীবনে ছিলেন সৎ, দক্ষ, পরিশ্রমী ও একজন নিবেদিত প্রাণ চিকিৎসক। একজন নিষ্ঠাবান চিকিৎসক এবং চিকিৎসা বিদ্যার শিক্ষক হিসাবে তাঁর অবদান জাতি কৃতজ্ঞতার সাথে স্মরণ রাখবে।

ডা. এ.এস.এম হাসানুজ্জামান শাহীন এর মৃত্যুতে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর ও অধীনস্থ দপ্তর সমূহের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পক্ষে মহাপরিচালক মহোদয় গভীর শোক প্রকাশ করছেন এবং তাঁহার আত্মার মাগফেরাত কামনা করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

  
(ডাঃ মোস্তফা খালেদ আহমদ)  
পরিচালক(প্রশাসন)  
মহাপরিচালক এর পক্ষে  
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্মারক নং--স্বাশিঃঅধিঃ/প্রশাঃ/শোক বার্তা/২০২০/ ২৬ (২)

তারিখ : ১২-০১-২০২১ খ্রি:

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব]।
২. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ।
৫. পরিচালক (সকল)....., স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. লাইন ডাইরেক্টর, এমই এন্ড এইচএমডি, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদী মেডিকেল কলেজ।
৮. অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী/মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল।
৯. অফিস কপি।